



হরমুজ প্রণালীতে জরুরি জাহাজ চলাচলের অনুমতি ইরানের



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালি দিয়ে প্রয়োজনীয় ও মানবিক সহায়তাসামগ্রী বহনকারী জাহাজ চলাচলে ছাড় দেওয়ার ঘোষণা দিয়েছে ইরান। দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, পুরো পথ বন্ধ না করে সীমিতভাবে এ ধরনের জাহাজ চলাচলের সুযোগ রাখা হবে।

ইরানের নিয়ন্ত্রণে থাকা এই গুরুত্বপূর্ণ নৌপথে বর্তমানে জাহাজ চলাচল উল্লেখযোগ্যভাবে কমে গেছে, যার ফলে বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহ ও বাণিজ্যে চাপ তৈরি হয়েছে। পরিস্থিতি মোকাবিলায় বিভিন্ন দেশ নিরাপদ নৌযান চলাচল নিশ্চিত করতে কূটনৈতিক উদ্যোগ চালিয়ে যাচ্ছে। তবুও কিছু বাণিজ্যিক জাহাজ এখনও সীমিত পরিসরে চলাচল করছে।

এর আগে ইরান স্পষ্ট করে জানায়, যুক্তরাষ্ট্র, ইসরায়েল এবং তাদের ঘনিষ্ঠ মিত্রদের সঙ্গে সম্পৃক্ত নয়—এমন জাহাজগুলোকে প্রণালিটি ব্যবহারের অনুমতি দেওয়া হতে পারে।

তথ্যসূত্র: সিএনএন

LENS ASIA